লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 2nd Semester Examination, 2019

DINABANDHU MAHAVIDYALAYA Estd.-1947 CENTRAL LIBRARY

## BNGACOR03T-BENGALI (CC3)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

### বিভাগ-ক

**প্রতিটি একক থেকে *একটি* করে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও** ১০×৪ = ৪০
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)**

**একক-১**

১।(ক) ভারতীয় আর্যভাষার প্রতিটি যুগের কালগত সীমা ও সাহিত্যিক নিদর্শন উল্লেখ করো। প্রাচীন ভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ২+২+৬=১০

**অথবা**

(খ) মধ্যযুগের বাংলা ভাষার লক্ষণগুলি সংক্ষেপে বর্ণনা করো। ১০

**একক-২**

২।(ক) উপভাষা কাকে বলে এবং উপভাষা সৃষ্টির কারণ উল্লেখ করে বরেন্দ্রী উপভাষা সম্পর্কে লেখো। ২+২+৬=১০

**অথবা**

(খ) বাংলা ভাষার প্রধান উপভাষা কটি ও কী কী ? বঙ্গালী উপভাষার লক্ষণগুলি সংক্ষেপে উল্লেখ করো। ৪+৬ = ১০

**একক-৩**

৩।(ক) বাংলা বর্ণমালা অনুসারে প্রচলিত স্বরধ্বনি আর উচ্চারিত স্বরধ্বনির তফাৎ কোথায় উল্লেখ করে স্বরধ্বনিগুলির উচ্চারণ বৈশিষ্ট্য আলোচনা করো। ৪+৬ = ১০

**অথবা**

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো ***দুটি***) ৫×২= ১০

বিপ্রকর্ষ, বিপর্যাস, সমীভবন, নাসিক্যীভবন, অপিনিহিতি।

**একক-৪**

৪।(ক) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত দেশি ও বিদেশি শব্দসমূহের দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

**অথবা**

(খ) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের ধারাগুলির উদাহরণসহ পরিচয় দাও। ১০

## বিভাগ-খ

৫। সংক্ষিপ্ত উত্তর দাওঃ (যে-কোনো ***দুটি***) (শব্দসংখ্যা অনধিক - ১৫০) ৫×২= ১০

(ক) মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরে কী কী প্রাকৃত রূপ পাওয়া যায় ? কোন্ কোন্ সাহিত্যিক নিদর্শনে তার উল্লেখ আছে, তা লেখো। ৫

(খ) বরেন্দ্রী উপভাষা সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

(গ) সংজ্ঞা ও উদাহরণ দাওঃ ২.৫+২.৫=৫

ঘৃষ্টব্যঞ্জন, অল্পপ্রাণ।

(ঘ) উৎস নির্দেশ করোঃ (যে-কোনো ***দুটি***) ২.৫+২.৫=৫

সন্দেশ, ঝি, কালি, প্রদীপ, বাউল।

——×——